

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
www.bb.org.bd

সার্কুলার পত্র নং-১৩

তারিখ : এপ্রিল ১৯, ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

করোনা প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে নিত্যপ্রয়োজনীয় পণ্যসহ অন্যান্য দৈনন্দিন ব্যবহার্য সামগ্রীর উৎপাদন,  
পরিবহন ও সরবরাহ চেইন অব্যাহত রাখতে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের এপ্রিল ১৬, ২০২০ তারিখের পত্র নং ২৬.০০.০০০০.১১৩.৫৯.০১৩.১৮/৬৫ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লেখ্য সার্কুলার পত্র নং- ১২, তারিখ এপ্রিল ১২, ২০২০ এর মাধ্যমে সরাসরি আমদানিকারকের মাধ্যমে প্রাপ্ত ডকুমেন্টের বিপরীতে পণ্য ছাড়করণ ও আমদানি দায় পরিশোধের বিষয়ে গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস-২০১৮ এর ৭ম অধ্যায়ের ২৬ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা মোতাবেক যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হয়েছে।

বাণিজ্য মন্ত্রণালয়ের পত্রে জ্ঞাপিত নির্দেশনার আলোকে ব্যাংকিং সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে এবং বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০১২৩

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ বাণিজ্য-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mincom.gov.bd


নম্বর-২৬.০০.০০০০.১১৩.৫৯.০১৩.১৮/৬৫

তারিখ: ১৬ এপ্রিল ২০২০

বিষয়: করোনা প্রাদুর্ভাবজনিত পেক্ষাপটে নিত্যপ্রয়োজনীয় পণ্যসহ অন্যান্য দৈনন্দিন ব্যবহার্য সামগ্রীর উৎপাদন, পরিবহন ও সরবরাহ চেইন অব্যাহত রাখতে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মারিকো বাংলাদেশ লিমিটেড বাংলাদেশের অন্যতম ভোজ্যতেল এডিবল অয়েল, হ্যাভ স্যানিটাইজার, শিশুদের ব্যবহার্য পণ্য, বিভিন্ন প্রসাধন সামগ্রী উৎপাদন, আমদানীকারক এবং সরবরাহকারী প্রতিষ্ঠান। করোনা প্রাদুর্ভাবজনিত পেক্ষাপটে বর্ণিত পণ্যসমূহের মূল্য স্থিতিশীল রাখতে এর উৎপাদন, পরিবহন ও সরবরাহ চেইন অব্যাহত রাখা একান্ত আবশ্যিক।

এমতাবস্থায়, মারিকো বাংলাদেশ লিমিটেড এর ভোজ্যতেল, হ্যাভ স্যানিটাইজার, শিশুদের ব্যবহার্য পণ্য, বিভিন্ন প্রসাধনসামগ্রী এর উৎপাদন, আমদানী, রপ্তানি, পণ্য খালাস, পণ্য পরিবহন ব্যবস্থা যাতে অব্যাহত থাকে, সে লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/কমান্ডারকে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(প্রনব কুমার প্রামানিক)  
সহকারী পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
  - ২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
  - ৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
  - ৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, আর্মড ফোর্সেস ডিভিশন, সেনাসদর, ঢাকা।
  - ৫। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
  - ০৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
  - ০৭। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, ঢাকা।
  - ৮। বিভাগীয় কমিশনার (সকল)।
  - ৯। জেলা প্রশাসক (সকল)।
  - ১০। পুলিশ সুপার (সকল)।
- সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে):
- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
  - ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
  - ৩। ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ সদর দপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
  - ৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, ঢাকা।
  - ৫। ব্যবস্থাপনা পরিচালক, ম্যারিকো বাংলাদেশ লিমিটেড।